মেহেরপুরে পবিত্র ঈদুল আযহার উদযাপন

সারা দেশের ন্যায় মেহেরপুরে উদযাপিত হয়েছে পবিত্র ঈদুল আযহার। ঈদের দিন ৮টায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হয় শহরের পৌর ঈদগাহ ময়দানে। ঈমামতি করেন মাও. আব্দুল হান্নান।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, জেলা প্রশাসক মোঃ আজিজুল ইসলাম, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ এ ঈদ জামাতে অংশ নেন। সকাল সাড়ে ৮ টা ঈদের ২য় জামাত অনুষ্ঠিত হয় শহরের মেহরপুর-চুয়াডাঙ্গা সড়কের পুরাতন ঈদগাহ ময়দানে। ঈমামতি করেন মাও. মোঃ রোকন উদ্দীন।

এছাড়াও জেলার তিন উপজেলার ৩৭৪ টি ঈদগাহ ময়দানে ঈদের জামাত অনুষ্ঠিত হয়েছে। মুসুল্লিরা ঈদের নামাজ আদায় করেছেন। জেলায় ঈদের জামায়াতকে কেন্দ্র করে কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

দামুড়হুদায় পবিত্র ঈদুল আযহা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

আসন্ন পবিত্র ঈদুল আযহা সুষ্ঠুভাবে উৎযাপন উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৩ টার সময় উপজেলা পরিষদের সভাকক্ষে পবিত্র ঈদুল আজহা’র প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতিমূলক সভায় যথাযথ মর্যাদায় উপজেলায় পবিত্র ঈদুল আযহা উৎযাপন উপলক্ষে ঈদের জামায়াতে সময়সূচি, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার, যত্রতত্র গরু জবাই যাতে না করা হয় সেদিকে লক্ষ্য রাখার বিষয়ে এবং ঈদগাহে কোন ইমাম ঈদের নামাজ পড়াবে তা আগে থেকেই নির্ধারণ সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ

বিষয় নিয়ে আলোচনা করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, উপজেলা মডেল মসজিদের পেশ ঈমান হাফেজ মাও মো: মামুনুর রশীদ।

এসময় আরও উপস্থিত ছিলেন বীরমুক্তিযোদ্ধা সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, উপজেলার বিভিন্ন মসজিদের ইমামগণ এবং বিভিন্ন ঈদগাহ কমিটির সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ।